শেখ হাসিনার উদ্যোগ
সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১
SYLHET PALLI BIDYUT SAMITY-1
গোটাটিকর, কদমতলী, সিলেট।
টেলিফোনঃ ০৮২১ ৮৪০০৩১, ওয়েব সাইট: pbs1.sylhet.gov.bd, ই-মেইলঃ syl_pbs1@yahoo.com

স্মারক নং-২৭.১২.৯১৩১.৫৩৭.০২.০০৮.২৩. ৬০৪০

তারিখঃ ২০ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ।
০৪ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ।

# **"আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"**

সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর জন্য নিম্নোক্ত চুক্তিভিত্তিক পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্ত আগ্রহী প্রাক্তন **মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)** গণের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০.০০ হতে ২৬,৪৮০.০০ টাকা বেতন পরিধিতে পবিস নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | **বয়সসীমাঃ-** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর **২৪.০৯.২০২৩** খ্রিঃ তারিখে)। সর্বোচ্চ ০৩ চুক্তি (৩+৩+৩) ০৯ বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চাকুরী করতে পারবেন।<br><br>**অভিজ্ঞতাঃ-** আগ্রহী প্রার্থীর মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/০৬ (ছয়) বছর/০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br><br>**অন্যান্য যোগ্যতাঃ-**<br>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, ভদ্র, বিনয়ী, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>(খ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>(গ) প্রার্থীর পাটিগনিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ, বিয়োগ, গুন, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে।<br>ঘ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপনান্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে নুন্যতম ০১/০২ (এক/দুই) দিন কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩ (তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদিত হবে। অতপর: একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে। |

## শর্তাবলী :-

০১। **আবেদন পূরণ ও জমাদানঃ-**সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েব সাইটে **(pbs1.sylhet.gov.bd)** হতে আবেদন ফরম (ফরম নং পমাসপ-১১০-০০২,ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী **২৪.০৯.২০২৩** খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১, গোটাটিকর, কদমতলী, সিলেট বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**

ক) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি।
গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি।
ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
ঙ) প্রথম শ্রেণির গেজেটেড অফিসার অথবা বিআরইবি/পবিস এর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত **"অভিজ্ঞতা সনদ"** যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

## ০৩। অন্যান্য শর্তাবলীঃ-

ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে সমিতির অনুকূলে ১০,০০০/- (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ ফেরত দেওয়া হবে।

খ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদ" আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে, যা এজিএম (প্রশাসন/এইচ আর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে। অভিজ্ঞতা সনদপত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখ সহ ছকে উল্লেখপূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন/করছেন) উল্লেখ করতে হবে।

গ) প্রাপ্ত আবেদনপত্র সমূহ নিয়োগ কমিটি কর্তৃক বাছাই কার্য সম্পন্ন পূর্বক উক্ত পদে জনবল নিয়োগের ক্ষেত্রে চাকুরীকাল (On Job Service Length) বিবেচনা করতঃ জ্যেষ্ঠতা নির্ধারণপূর্বক প্যানেল প্রস্তুত করা হবে। জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫; তারিখঃ ১২.১১.২০১৮ খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে।

ঘ) যে সকল প্রার্থী ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

ঙ) **পবিসে কর্মরত মিটার রিডার কাম ম্যাসেঞ্জারগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।**

চ) অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা বোর্ড পরিচালকগণের রক্ত সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রী গণের রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

ছ) চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃঙ্খলাজনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নেই।

জ) দুই বা তার অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তাহা প্রমাণিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল করা হবে।

ঝ) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঞ) অসম্পূর্ণ/ভুল আবেদপত্র বাতিল বলে গণ্য হবে।

ট) **অত্র সমিতির ভৌগলিক এলাকার প্রার্থী অর্থ্যাৎ সিলেট জেলার দক্ষিণ সুরমা, বিশ্বনাথ, বালাগঞ্জ, ওসমানীনগর, গোলাপগঞ্জ, বিয়ানীবাজার, জকিগঞ্জ, ও ফেঞ্চুগঞ্জ উপজেলায় স্থায়ী বাসিন্দা কোন মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার উক্ত পদের জন্য আবেদন করার প্রয়োজন নাই।**

ঠ) সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন পূর্ববর্তী পবিসে কর্মরত থাকাকালীন সময়ে না হয়ে থাকলে অত্র পবিস কর্তৃক তার পুলিশ ভেরিফিকেশন করা হবে। পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে তাৎক্ষণিকভাবে চাকুরীচ্যুত করা হবে।

ড) সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের জন্যই বলবৎ থাকবে, যা কোনোক্রমেই নিয়মিত হবে না।

ঢ) খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে।

ণ) নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

04.09.2023

(মোঃ আক্তারুজ্জামান লস্কর)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় (সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)

০১। জেলা প্রশাসক/পুলিশ সুপার, সিলেট।
০২। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার................. পবিস-১/২/৩/৪।
০৬। একান্ত সচিব, মাননীয় চেয়ারম্যান মহোদয়, বাপবিবো, ঢাকা।
০৭। ডিজিএম, গোলাপগঞ্জ/বিয়ানীবাজার/ওসমানীনগর/বিশ্বনাথ/(সদর দপ্তর-কারিগরি)/জকিগঞ্জ/ফেঞ্চুগঞ্জ জোনাল অফিস, সিলেট পবিস-১।
০৮। এজিএম (ওএন্ডএম), বালাগঞ্জ সাব-জোনাল অফিস, সিলেট পবিস-১।
০৯। এজিএম(অর্থ-হিসাব/সদস্য সেবা/ ইএন্ডস/আইটি/প্রশাসন/এইচআর/ওএন্ডএম), সিলেট পবিস-১।
১০। এজিএম (আইটি)/জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), সিলেট পবিস-১(ফরমসহ বিজ্ঞপ্তিটি অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
১১। নোটিশ বোর্ড, সিলেট পবিস-১।
১২। অফিস কপি/মাস্টার কপি।

04.09.2023

(মোঃ আক্তারুজ্জামান লস্কর)
জেনারেল ম্যানেজার

ফরম নং-পমাসপ ১১০-০০২
ভার্সন-০১
অনুমোদিতঃ ২৭/০৪/২০১৪খ্রিঃ

ISO 9001:2015 Certified

**সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে**
**নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম**
**(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)**

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে সংযোজন করতে হবে।

জেনারেল ম্যানেজার
সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১
গোটাটিকর, কদমতলী, সিলেট।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং- ....................................................... .........................

২. আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

৩. পদের ধরণ ঃ

.................................................. ..........................................

৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

৫. প্রকাশনার তারিখ

.................................................. .................................................. ..........................................

৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

(বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

৭. জন্ম তারিখ (শিক্ষাগত যোগ্যতার সনদ/জন্ম সনদ অনুযায়ী)

........./......./..........(দিন/মাস/বছর)

..................................................

৮. মাতার নাম

৯. বয়স (১৩/০৯/২০২৩ ইং তারিখে)

..................................................

১০. পিতার নাম

..............................................

১১. ধর্ম

..................................................

১২. জাতীয়তা

..............................................

১৩. নিজ জেলা

..................................................

১৪. টেলিফোন/মুঠো ফোন নম্বর

১৫. বৈবাহিক অবস্থাঃ

☐ বিবাহিত   ☐ অবিবাহিত

১৬. স্থায়ী ঠিকানাঃ

| ........................ | ..................... | ........................... | ...................... |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

১৭. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

| ........................ | ..................... | ........................... | ...................... |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১, গোটাটিকর, কদমতলী, সিলেট

১৮. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেণী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেনী/গ্রেড | |
| | | | | |
| | | | | |
| | | | | |

১৯. অভিজ্ঞতার বিবরণ (সনদপত্র দ্বারা সমর্থিত হতে হবে) ঃ

| ক্রঃ নং | পবিসের নাম | কর্মকালীন সময় | | চাকুরীকাল (বছর) |
|---|---|---|---|---|
| | | হতে | পর্যন্ত | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

২০. প্রার্থী সম্পর্কেজ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

আমি অঙ্গীকার করছি যে,
একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাত সারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হব এবং আমার বিরুদ্ধে সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

.................................... ....................................

তারিখ আবেদনকারীর স্বাক্ষর

বিঃদ্রঃ- সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ ★ গোটাটিকর, কদমতলী, সিলেট